গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০৩২.২২-৯১২ তারিখঃ ০৬/০৭/২০২২

**বিষয়ঃ বগুড়া জেলার শেরপুর পৌরসভার নিজস্ব জমি বিক্রয় ও ময়লা-আবর্জনা ফেলার জন্য ডাম্পিং স্টেশনের জমি ক্রয় সংক্রান্ত বিষয়ে তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: মেয়র, শেরপুর পৌরসভা, বগুড়া হতে প্রাপ্ত পত্র নং-১৪৮; তারিখ: ২৮/০৬/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বগুড়া জেলার শেরপুর পৌরসভার নিজস্ব জমি বিক্রয় ও ময়লা-আবর্জনা ফেলার জন্য ডাম্পিং স্টেশনের জমি ক্রয় সংক্রান্ত বিষয়টি বিবেচনার লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) উক্ত প্রস্তাবিত জমিতে ডাম্পিং স্টেশন নির্মাণের বিষয়ে জমি ক্রয়ের জন্য পৌরসভার আর্থিক সক্ষমতা আছে কিনা এবং কর্মরত কর্মচারীদের বেতন-ভাতা হালনাগাদ পরিশোধিত আছে কিনা;

(খ) রেকর্ডীয় মালিক হিসেবে প্রস্তাবিত জমির মালিকানা সংক্রান্ত দলিল ও পর্চার কপি;

(গ) ক্রয়ের জন্য প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ (ট্রেসিং পেপারে রঙ্গিন ভিন্ন কালি দ্বারা চিহ্নিত করে);

(ঘ) প্রস্তাবিত ডাম্পিং স্টেশন নির্মাণ স্থানের আশে-পাশে কোন উন্নয়নমূলক কার্যক্রমের পরিকল্পনা আছে কিনা সে বিষয়ে প্রস্তাবিত জমি সরেজমিন পরিদর্শন প্রতিবেদন;

(ঙ) প্রস্তাবিত জমি ক্রয়ের ক্ষেত্রে উক্ত জমিতে পৌর মেয়র, কাউন্সিলর, কোন কর্মকর্তা/কর্মচারী বা তাদের কোন আত্মীয়ের বা তাদের মালিকানাধীন বা তাদের কোন আর্থিক স্বার্থ নেই মর্মে অঙ্গীকারনামা;

(চ) বিদ্যমান জমির ও প্রস্তাবিত জমির বর্তমান বাজার মূল্য উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিসের বিগত তিন বছরের স্ব-স্ব মৌজার জমি ক্রয় বিক্রয়ের প্রত্যয়নকৃত তালিকা ও প্রস্তাবিত জমির প্রকৃতি, Vicinity (নিকটবর্তী, সংলগ্ন) মূল্য তালিকা এবং

(ছ) প্রস্তাবিত জমি নির্বাচন করা হলে আশে-পাশের বসবাসকারীগণের কোন অসুবিধার সৃষ্টি হবে কিনা এবং পরিবেশের কোন ক্ষতি হবে কিনা সে বিষয়ে প্রতিবেদন।

০৬/০৭/২০২২
(মোঃ আব্দুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র
শেরপুর পৌরসভা, বগুড়া।

**অনুলিপিঃ**

০১। যুগ্ম-সচিব (নঃউঃ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, বগুড়া।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

H:\E\ALL FILE\ভূমি অধিগ্রহণ সংক্রান্ত\Letter (Equisation).doc97